

গত ৩০/১১/২০২১খ্রিঃ তারিখে জয়পুরহাট জেলা সমবায় কার্যালয়ে জেলার সমবায় বিভাগীয় কর্মকর্তা/কর্মচারীগণের অংশগ্রহনে “ জাতীয় শুদ্ধাচার কৌশল, গভর্ন্যান্স ও উদ্ভাবন- কর্মপরিকল্পনা, অভিযোগ প্রতিকার, সেবা প্রদান বিষয় ” প্রশিক্ষণ কর্মশালা অনুষ্ঠিত হয়। জেলা সমবায় কার্যালয়ের নতুন প্রশিক্ষণ হলে আয়োজিত এই প্রশিক্ষণ সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনাব মোঃ আব্দুল মজিদ, যুগ্ম-নিবন্ধক, বিভাগীয় সমবায় দপ্তর, রাজশাহী বিভাগ, রাজশাহী মহোদয় এবং বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনাব মোঃ নুরুন্নবী, উপ-নিবন্ধক (বিচার), বিভাগীয় সমবায় দপ্তর, রাজশাহী বিভাগ, রাজশাহী মহোদয়। দিনব্যাপী আয়োজিত এই প্রশিক্ষণ কর্মশালায় সন্মীত অতিথিবৃন্দ “জাতীয় শুদ্ধাচার কৌশল, গভর্ন্যান্স ও উদ্ভাবন- কর্মপরিকল্পনা, অভিযোগ প্রতিকার, সেবা প্রদান” বিষয়ে অত্যন্ত মূল্যবান বক্তব্য ও দিক নির্দেশনা প্রদান করেন। প্রশিক্ষণ কর্মশালায় সভাপতিত্ব করেন জনাব মোঃ ইসমাইল হোসেন সিরাজী, জেলা সমবায় অফিসার, জয়পুরহাট মহোদয়। প্রশিক্ষণ কর্মশালায় অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন জনাব মোঃ আতিকুর রহমান, উপ-সহকারী নিবন্ধক, জেলা সমবায় কার্যালয়, জয়পুরহাট মহোদয়।